

নং-৪৬.০৪২.০১৪.৪৭.০২.০৪৭.২০১৪. ২৪৬২

আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ  
তারিখঃ ২ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ


**বিষয়ঃ** মাগুরা জেলা পরিষদের মালিকানাধীন সম্পত্তির উপর মাগুরা পৌরসভা কর্তৃক ভবন নির্মাণের উদ্যোগ গ্রহণের ব্যবস্থা না নেওয়ার প্রেক্ষিতে উভয় সংস্থার মধ্যে সৃষ্ট বিরোধ নিরসনকল্পে স্থানীয় সরকার বিভাগে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ।

**সূত্রঃ** মাগুরা জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং-জেপমা/২০১৭/৪-১০/পি-১/৫৬১, তারিখঃ ১৮/৫/২০১৭।

উপর্যুক্ত বিষয়ে প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাগুরা জেলা পরিষদের আওতাধীন ৯৬ নং মাগুরা মৌজার এস, এ ৪ নং খতিয়ানের ৪৪১২ নং দাগসহ ১৭টি দাগে মোট ৪.৫৪ একর জমির এস এ রেকর্ডীয় সম্পত্তির মালিক জেলা পরিষদ হওয়া সত্ত্বেও সম্পত্তি নিয়ে মাগুরা পৌরসভার সহিত বিরোধ সৃষ্টি হয়। বিরোধ নিরসনের জন্য স্থানীয় সরকার বিভাগের ২৩/০৭/২০১৩ তারিখে সভায় রেকর্ডীয় সম্পত্তির মালিকানা নিয়ে সৃষ্ট বিরোধ নিষ্পত্তি সভা অনুষ্ঠিত হয়। সভায় সিদ্ধান্ত হয় যে, “মাগুরা জেলা পরিষদের মালিকানাধীন বর্ণিত জমি জেলা পরিষদ ও পৌরসভা যৌথভাবে সরেজমিনে পরিদর্শন করে যে অংশে পৌরসভার দোকান ও পানির পাম্প রয়েছে সে অংশটুকু জেলা পরিষদের নিকট হতে পৌরসভা অস্থায়ী লীজ গ্রহণ করবে। অবশিষ্ট জমি জেলা পরিষদ দখল করবে।” নির্দেশনা না মেনে পরবর্তীতে মন্ত্রণালয়ের সর্বসম্মত সিদ্ধান্ত উপেক্ষা করে মাগুরা পৌরসভার মেয়র জেলা পরিষদের বিরুদ্ধে একটি মিথ্যা মামলা দায়ের করেন। উক্ত সম্পত্তির বিরুদ্ধে মিথ্যা ও বানোয়াট মামলা প্রত্যাহারপূর্বক স্থানীয় সরকার বিভাগের আদেশ বহাল রাখা ও পৌরসভাকে নির্দেশ প্রদানের জন্য চেয়ারম্যান, জেলা পরিষদ, মাগুরা অনুরোধ জানান। সে প্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগের ৯/১০/২০১৩ তারিখের জেঃপঃশাঃ/জেপ-৪৭/২০০৫/৪০০৮ নং স্মারকে ২৩/৭/২০১৩ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ জানানো হয়। কিন্তু এ বিষয়ে অদ্যাবধি কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি।

২। এমতাবস্থায়, জমির মালিকানা নিয়ে মাগুরা জেলা পরিষদ ও পৌরসভার মধ্যে বিদ্যমান জটিলতা নিরসনের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণের লক্ষ্যে পৌর মেয়রকে প্রয়োজনীয় নির্দেশনা দেয়ার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

  
(জুবাইদা নাসরিন)  
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

যুগ্মসচিব  
নগর উন্নয়ন-২  
স্থানীয় সরকার বিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, মাগুরা।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মাগুরা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।